## ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের সেপ্টম্বর/২২ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **জনাব আশরাফ হোসাইন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ **১৫/০৯/২২ খ্রিস্টাব্দ, সময় ঃ বেলা ২.৩০ ঘটিকা।**

উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত সরকারি বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, সিরতা ইউপি সভায় বলেন যে, গত ০৮/০৮/২০২২খ্রি. তারিখে উপজেলা পরিষদের মাসিক সভায় ঘাগড়া ইউনিয়নের ১নং ওয়ার্ডের বাজিতপুর হোসেন মুন্সির বাড়ি সংলগ্ন বক্স কালভার্ট নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্রকল্পটিতে চরঈশ্বরদিয়া ইউনিয়নের বাজিতপুর হোসেন মুন্সির বাড়ি সংলগ্ন বক্স কালভার্ট নির্মাণ করার সংশোধনী করার প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঘাগড়া ইউনিয়নের ১নং ওয়ার্ডের বাজিতপুর হোসেন মুন্সির বাড়ি সংলগ্ন বক্স কালভার্ট নির্মাণ করার পরিবর্তে চরঈশ্বরদিয়া ইউনিয়নের বাজিতপুর হোসেন মুন্সির বাড়ি সংলগ্ন বক্স কালভার্ট নির্মাণ করার সংশোধনী সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ২ | উপজেলা প্রকৌশল অফিস ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।** | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ৩ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, বর্তমানে মাঠে রোপা আমন ও গ্রীষ্মকালীন শাকসজি রয়েছে। কৃষকদের মাঝে সঠিক মূল্যে সার সরবরাহ করার লক্ষে সার মনিটরিং কার্যক্রম আরও জোরদার করা হয়েছে। খরিব-২/২০২২ মৌসুমে কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় ১৭০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে মাসকলই বীজ ও সার বিতরন করা হবে । এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৪ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, **তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন**। বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ / সংশ্লিষ্ট সকল। |
| ৫ | **উপজেলা মৎস্য অফিস ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মাছ ইলিশের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকার কর্তৃক প্রতি বছরের ন্যায় এ বছর ও ইলিশ প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২২ উপলক্ষ্যে ০৭ অক্টোবর হতে ২৮ অক্টোবর পর্যন্ত মোট ২২দিন সময়কাল সারাদেশে ইলিশ মাছ আহরন, পরিবহন, মজুদ, বাজারজাতকণ, ক্রয় বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করা হয়েছে তারই অংশ হিসেবে এ অভিযান বাস্তবায়নের লক্ষে অত্র উপজেলায় ব্যাপকভাবে মাইকিং, মাছ বাজার ও আড়তগুলোতে মতবিনিময় সভা সমাবেশ, ব্যানার ও লিফলেট বিতরণসহ প্রতিদিন মাছ বাজারে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করা হচ্ছে।<br>তাছাড়া নিয়মিতভাবে ইউনিয়ন প্রকল্পের প্রদর্শনী পুকুর পরিদর্শন, হাটবাজার পরিদর্শন, মৎস্য হ্যাচারি/মৎস্য খাদ্যের লাইসেন্স প্রদান ও নবায়ন, মৎস্য খাদ্যের নমুনা পরীক্ষাসহ দাপ্তরিক কাজ সমূহ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য অফিসার, ময়মনসিংহ সদর ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |
| ৬ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, আকুয়া মড়লপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ কাজ অর্ধেক করে কন্ট্রাক্টর সাহেব আর আসছেন না, কাজ বন্ধ করে চলে গেছেন। তার সাথে যোগাযোগ করা যাচ্ছে না। এ ব্যাপারে উপজেলা চেয়ারম্যান মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সদয় সহযোগিতা কামনা করেন।<br>ঝাপারকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়টি নদী গর্ভে বিলীন হওয়ায় এবং বিদ্যালয়ের নিজস্ব কোন জমি না থাকায় বিদ্যালয় এলাকায় জমি দান করতে ইচ্ছুক এমন কোন দানশীল জমিদাতা সদস্যকে খুজে বের করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগের **সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে।** এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ৮ | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের **সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে।** এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ৯ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১১ | **উপজেলা পরিসংখ্যান অফিসার ঃ** উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, তার **বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে।** এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১২ | **উপজেলা পাট অফিসার ঃ** উপজেলা পাট অফিসার সভায় জানান যে, পাট অধিদপ্তরের পাট বীচ উৎপাদনকারী চাষীদের মাঝে বৃত্তি পাট বীচ রাসায়নিক সার ও কীটনাশক সার ও কীটনাশক বিতরন সুষ্ঠ ভাবে সম্পন্ন হয়েছে। এবং তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পাট অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ১৩ | বিবিধ আলোচনা:<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ময়মনসিংহ সদর উপজেলার ১৪২৯ সালের হাট-বাজার ইজারা প্রদান করা হয়। কিন্তু হাট-বাজারের ইজারার সাকুল্য টাকা এবং ভ্যাট ও আয়কর এর টাকা অদ্যাবধি আদায় করা সম্ভব হয়নি। ইজারাদারগণকে ইজারার অর্থ পরিশোধের জন্য পত্র প্রদান করা হয়। এ বিষয়ে মাননীয় চেয়ারম্যান ও উপজেলা পরিষদ এবং ইউপি চেয়ারম্যানগণকে ইজারার অর্থ আদায়ের জন্য কার্যকরি ভূমিকা পালনের জন্য অনুরোধ করেন। অন্যথায় ইজারা বাতিলসহ সার্টিফিকেট মামলা দায়ের করার ব্যবস্থা গ্রহণ করা হবে। অন্যান্য সকল কাজে আন্তরিকতার সহিত কাজ সম্পাদন করার জন্য সকলকে অনুরোধ করা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে ১৪২৯ সালের হাট-বাজারেনর ইজারা অর্থ জমা প্রদান করা না হলে ইজারা বাতিলসহ ও ইজারাদারের বিরুদ্ধে সার্টিফিকেট মামলা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ/ উপজেলা প্রকৌশলী সদর, ময়মনসিংহ। |
| ১৪ | সভার সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের উপজেলা ২ শাখা এর স্বারক নং-৪৬.০৪৫.০১৮.০১.৩৭.২০১১(অংশ-১)-১১৩ তারিখঃ-১৭/০২/২০২০খ্রি. মূলে ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের ২টি ভবন (সৈকত, সুরমা) কনডেমড্ ঘোষণা করা হয়। ইতি পূর্বে সুরমা ভবনটি ভেঙ্গে ফেলা হয়। অপর ভবন টিতে লোকজন ভসবাসকরার কারনে ভেঙ্গে ফেলা সম্ভবন হয় নি। সে কারনে উক্ত ভবনটিতে বসবাসকারীদের কে আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে খালি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ আগামী সভায় বিস্তারিত তথ্য উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন। সদর উপজেলার উন্নয়ন মূলক কাজসমূহ উপজেলা প্রকৌশলী, সদর, ময়মনসিংহকে সরজমিনে তদন্ত পূর্বক বিল ছাড় করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া সকল বিভাগের কর্মকর্তাগণকে বিভাগীয় কার্যক্রম সমূহ সঠিকভাবে পালন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী সভার পূর্বে বসবাসকারীদের কে উচ্ছেদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সদর উপজেলার উন্নয়ন মূলক কাজ সমূহ পরিরর্দন পূর্বক বিল ছাড় করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ/ উপজেলা প্রকৌশলী সদর ময়মমনসিংহ ও সংশ্লিষ্ট সকল। |

পরিশেষে সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(আশরাফ হোসাইন)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নং ঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২২-১০০১ (৫০)

তারিখ-১৫/০৯/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। বেগম রওশন এরশাদ এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৭। উপজেলা.......................................কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৮। জনাব.......................চেয়ারম্যান.....................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৯। জনাব..........................................................................................

১০। অফিস কপি।

(মোহাম্মদ শফিকুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।